

### ইসলামী বিশ্ববিদ্যালয়ে শিক্ষক স্বল্পতা

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদ-  
দাতা ॥ শিক্ষক স্বল্পতার কারণে  
ইসলামী বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রী-  
দের অসুবিধা হইতেছে। বিশ্ব-  
বিদ্যালয় গাজীপুর হইতে কুষ্টিয়ায়  
স্থানান্তরের পর ৬টি নতন বিভাগ  
খুলিয়া এ যাবৎ ৪টি ব্যাচে ছাত্র-  
( ৫ম পৃঃ ৩ঃ )

### ইসলামী বিশ্ববিদ্যালয়ে

( ৩য় পৃঃ পর )

ছাত্রী ভর্তি করিলেও সেই অনু-  
পাতে শিক্ষক নিয়োগ হয় নাই।  
বিশ্ববিদ্যালয়ের ধর্মতত্ত্ব ও ইসলামী  
শিক্ষা অনুষদের অধীনে ৪টি এবং  
মানবিক ও সমাজবিজ্ঞান অনুষদের  
অধীনে ৮টিসহ মোট ১২টি  
বিভাগে ৩,৩৭১ জন ছাত্র-ছাত্রীর  
জন্য মাত্র ১০৭ জন শিক্ষক রহিয়া-  
ছেন। ইহাদের মধ্যে ৭ জন  
সহযোগী অধ্যাপক, ৫৭ জন সহ-  
কারী অধ্যাপক এবং ৪২ জন  
প্রভাষক। ৫ জন সহকারী অধ্যা-  
পক এবং ৫ জন প্রভাষক বর্তমানে  
শিক্ষা ছুটিতে রহিয়াছেন। ইসলামী  
বিশ্ববিদ্যালয়ে শিক্ষক হিসাবে  
কোন অধ্যাপক নাই।

বিশ্ববিদ্যালয়ের ১২টি বিভা-  
গের মধ্যে নতন ৬টি বিভাগ  
শিক্ষক স্বল্পতার কারণে বেশী  
বিপাকে পড়িয়াছে। শিক্ষক নিয়োগে  
ছাত্রদের অব্যাহত দাবীর কারণে  
জটিলতা দেখা দিয়াছে বলিয়া  
ডাইস-চ্যান্সেলর জানাইয়াছেন।  
চলতি বৎসর বিশ্ববিদ্যালয় কর্তৃ-  
পক্ষ বিভিন্ন বিভাগে মোট ২১জন  
শিক্ষক নিয়োগের উদ্যোগ লইলে  
ছাত্রদল ৫০ ভাগ শিক্ষক অর্থাৎ  
১১ জন তাহাদের তৈরী তালিকা  
অনুযায়ী নেওয়ার দাবী জানায়।  
গত ৯ই নভেম্বর রাষ্ট্রনীতি ও লোক  
প্রশাসন বিভাগে অপেক্ষাকৃত কম  
যোগ্যতাসম্পন্ন প্রাধিনী (নাসিমা  
খাতুন) কে শিক্ষক হিসাবে নিয়োগ-  
দানের দাবী তুলিয়া ব্যর্থ হইবার  
পর ছাত্রদল সভাপতি মীর্জা ওয়া-  
লিদ হোসেন শিপন ভিসি অফিসে  
রিভলবারের গুলীবর্ষণ করে।  
ঘটনার পর (১০ই নভেম্বর) পর  
ভিসি প্রফেসর এম এ, হামিদ  
প্রয়োজনীয় নিরাপত্তা চাহিয়া  
শিক্ষা মন্ত্রণালয়ে লিখিত আবেদন  
করিলে আজ অবধি কোন পদক্ষেপ  
গ্রহণ করা হয় নাই বলিয়া তিনি  
জানাইয়াছেন।